

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর এর সার্কিট হাউজ নির্মাণ প্রকল্পে লে-আউটে পতিত ১৯৬টি গাছ ১৪/০৯/২০২৩খ্রি. তারিখ বিকাল ০৪ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর এর রাজস্ব শাখায় প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে ধার্য তারিখে যথাসময়ে উপস্থিত থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ডাকের শর্তাবলী

- ডাকে অংশগ্রহণের জন্য প্রত্যেক ডাককারীকে ডাক ফর্দে স্বাক্ষর করতে হবে
- প্রত্যেক ডাককারীকে ডাকে অংশ গ্রহণের পূর্বেই জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিলাম ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
- নিলাম ডাক গৃহীত হওয়ার সঙ্গে সঙ্গে সর্বোচ্চ ডাককারীকে ডাকের সাকুল্য টাকা ও তৎসহ সরকার কর্তৃক নির্ধারিত হারে ৫% আয়কর ও ১৫% ভ্যাটের টাকা ডাক টেবিলে জমা দিতে হবে। সর্বোচ্চ ডাককারী ডাকের সমুদয় টাকা এবং আয়কর ও ভ্যাট জমা দিতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে।
- সর্বোচ্চ ডাককারীর জামানত ব্যতীত অন্যান্য ডাককারীর জামানতের টাকা ডাক শেষ হওয়ার সাথে সাথে ফেরত দেয়া হবে।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডাককৃত ১৯৬ (একশত ছিয়ানব্বই) টি গাছ অপসারণ করা যাবে না।
- এ সংক্রান্ত আরো কোন সরকারি বিধি বিধান থাকলে এক্ষেত্রে তা প্রযোজ্য হবে।
- নিলাম ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ কিংবা স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- কর্তৃপক্ষের দেওয়া সময়সীমার মধ্যে গাছ কেটে অপসারণ করতে হবে।


০৭.০৯.২৩

(রায়হান মাহামুদ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
জামালপুর

ফোন- ০২৯৯৭৭৭২১৬৭

rdcjamalpur1@gmail.com

স্মারক নং: ৩১.৪৫.৩৯০০.০১৩.২৭.০১১.১৭-১২৭০

তারিখ: ০৭/০৯/২০২৩খ্রি.

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

০১. পুলিশ সুপার, জামালপুর।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর।
০৩. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার অধিদপ্তর, জামালপুর।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় গনপূর্ত বিভাগ, জামালপুর।
০৫. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), জামালপুর। [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
০৬. মেয়র, জামালপুর পৌরসভা, জামালপুর।
০৭. সহকারী কমিশনার (ভূমি)..... (সকল), জামালপুর। [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
০৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জামালপুর। তাঁকে নোটিশ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
০৯. ফরেস্টার, জামালপুর সদর।
১০. জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।